



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৭ অক্টোবর, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৭ অক্টোবর, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল ৯.০০ টায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক বিল্ডিং এ-এর গ্যালারিতে নাশা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ডেটা ব্যবহার ক্যাটাগরিতে সারা বিশ্বে প্রথম স্থান অর্জনকারী শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের টিম অলিককে ভূগোল ও পরিবেশ বিভাগের আয়োজনে সংবর্ধনা প্রদান করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, টিম অলিক শুধু বিশ্ববিদ্যালয়কে নয় টিম অলিক পুরোদেশকে গৌরবান্বিত করেছে। টিম অলিকের সাফল্যে আমরা সবাই উজ্জীবিত। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের বিশ্বমানের করে গড়ে তুলতে পুষ্টিগত বিদ্যার পাশাপাশি ব্যবহারিক শিক্ষা অর্জন খুবই প্রয়োজনীয়। আর তাই সকল শিক্ষার্থীদের সৃজনশীল সহশিক্ষা কার্যক্রমকে বিশ্ববিদ্যালয় প্রশাসন সব সময় উৎসাহিত করছে যাতে করে টিম অলিকের মত সৃজনশীল কাজে এ বিশ্ববিদ্যালয় দেশের গর্ব হতে পারে।

এ সময় বিশেষ অতিথির হিসেবে বক্তব্য দেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনয়ারুল ইসলাম এবং ফিজিক্যাল সায়েন্সেস অনুষদের ডিন প্রফেসর ড. মো. সাজিদুল করিম, ভূগোল ও পরিবেশ বিভাগের সহকারী অধ্যাপক জনাব বাহাউদ্দিন শিকদার।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভূগোল ও পরিবেশ বিভাগের বিভাগীয় প্রধান(ভারপ্রাপ্ত) জনাব মুইদ হাসান এবং পরিচালনা করেন বিভাগের প্রভাষক জনাব তৌফিকুল ইসলাম খান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভূগোল ও পরিবেশ বিভাগ সোসাইটির ভিপি অর্ণব মজুমদার এবং বিশেষ বক্তব্য রাখেন টিম অলিকের টিম লিডার আবু সাদিক মাহদী।



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ০৮ জুলাই, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ৮ জুলাই, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল ৯.৩০ টায় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এশিওরেন্স(আইকিউএসি) সেল কর্তৃক আয়োজিত দিনব্যাপী “ওয়ার্কশপ অন গুড গভর্নেন্স : অফিসিয়াল এন্ড ফিন্যান্সিয়াল মেনেজমেন্ট” শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ আয়োজনে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, $w e k ^ { w e } \cdot \cdot v j \ddagger q$ কর্মরত সকলের কর্মদক্ষতা বৃদ্ধিতে $w e k ^ { w e } \cdot \cdot v j q$ প্রশাসন সদা $Z r c i | \% e k ^ { w K}$ চ্যালেঞ্জ মোকাবেলায় $w e k ^ { w e } \cdot \cdot v j \ddagger q i$ জনসম্পদকে তৈরি করার লক্ষ্যে এবং $w e k ^ { w e } \cdot \cdot v j \ddagger q i$ বিশাল উন্নয়ন প্রকল্পের কাজ সুচারু ভাবে সম্পন্ন করার জন্য প্রশিক্ষণের বিকল্প নেই। অল্প কিছু দিনের মধ্যে অনেকগুলো প্রকল্পের কাজ শুরু হবে এবং এক হাজার কোটি টাকার প্রকল্প প্রস্তাবনা অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আশরাফুল ইসলামের সভাপতিত্বে এবং প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন $w e k ^ { w e } \cdot \cdot v j \ddagger q i$ কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, হিসাব পরিচালক জনাব আ.ন.ম জয়নাল আবেদিন, হিসাব দপ্তরের অতিরিক্ত পরিচালক জনাব শেখ আবুল হাসান।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার